

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৩৫০

১/ বিবিধ

আরবী

لكل شيء عروس، وعروس القرآن [الرحمن]  
منكر

أورده السيوطي في " الجامع الصغير " من رواية البيهقي في " شعب الإيمان وكذا في " المشكاة " (2180) وقد كشف عن علته المناوي فقال في " الفيض " وفيه أحمد بن الحسن (دبيس) عده الذهبي في " الضعفاء والمتروكين وقال الدارقطني: ليس بثقة قلت: وترجمه الخطيب في " تاريخه " (4/88) وقال " وكان منكر الحديث.. قرأت بخط الدارقطني.. ليس بثقة وإن من عجائب المناوي أن يخالف بنفسه هذا التضعيف الذي استفدناه منه، فيقول في التيسير وإسناده حسن

বাংলা

১৩৫০। প্রত্যেক বস্তুরই সৌন্দর্য থাকে আর কুরআনের সৌন্দর্য হচ্ছে সূরা রহমান।

হাদীসটি মুনকার।

হাদীসটিকে সুযুতী “আল জামেউস সাগীর” গ্রন্থে বাইহাকী কর্তৃক “শু’য়াবুল ঈমান” গ্রন্থের বর্ণনা সূত্রে উল্লেখ করেছেন। অনুরূপভাবে “মিশকাত” গ্রন্থেও (২১৮০) হাদীসটি উল্লেখ করা হয়েছে।

মানবী হাদীসটির সমস্যা প্রকাশ করে “আল-ফায়য” গ্রন্থে বলেনঃ এর সনদে আহমাদ ইবনুল হাসান (দুবায়েস)

নামের এক বর্ণনাকারী রয়েছেন তাকে হাফিয যাহাবী "আয-যাযাফা ওয়াল মাতরুকাীন" গ্রন্থে উল্লেখ করে দুর্বলদের অন্তর্ভুক্ত করেছেন। তার সম্পর্কে দারাকুতনী বলেনঃ তিনি নির্ভরযোগ্য নন।

আমি (আলবানী) বলছিঃ খাতীব বাগদাদী তার "তারীখ" গ্রন্থে (৪/৮৮) তার জীবনী আলোচনা করে বলেছেনঃ তিনি মুনকারুল হাদীস ছিলেন। আমি দারাকুতনীর লিখায় পড়েছি তিনি নির্ভরযোগ্য নন।

আশ্চর্যের ব্যাপার এই যে, মানবী নিজে দুর্বল আখ্যা দেয়ার পরেও তিনি "আততায়সীর" গ্রন্থে হাদীসটির সনদকে হাসান আখ্যা দিয়েছেন।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72229>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন